

الْحَكْم

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ২৯ তম নাম 'الْحَكْم' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الْحَكْم' শব্দের মূল م - ك - ح , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২১০ বার এসেছে।

বিচার করা, বিচারক মানা, নির্ভুল হওয়া, বিচারক, বিচার, বিচক্ষণ, সর্বশ্রেষ্ঠ জ্ঞানী ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْحَكْم অর্থ: 'একমাত্র আদেশ দানকারী ও আইন প্রণেতা'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

اللَّهُ يَحْكُمُ بَيْنَكُمْ يَوْمَ الْقِيَامَةِ فِيمَا كُنْتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ﴿٦٩﴾

তোমরা যে বিষয়ে মতভেদ করছো, কেয়ামতের দিন আল্লাহ সেই বিষয়ে ফয়সালা করে দেবেন। (সূরা হাজ্জ: আয়াত নং ৬৯)

قَالَ رَبِّ أَحْكُم بِالْحَقِّ وَرَبُّنَا الرَّحْمَنُ الْمُسْتَعَانُ عَلَىٰ مَا تَصِفُونَ ﴿١١٢﴾

সে (রাসূল সা:) আরো বলেছে- আমার প্রভু! তুমি সত্য ও ন্যায্য ফয়সালা করে দাও। (আর হে মানুষ!) আমাদের প্রভু দয়াময়, রহমান। তোমরা যা বলছো, সে বিষয়ে তাঁরই সাহায্য চাওয়া যেতে পারে। (সূরা আশ্বিয়া: আয়াত নং ১১২)

أَفَغَيْرَ اللَّهِ أَبْتَغِي حَكْمًا وَهُوَ الَّذِي أَنْزَلَ إِلَيْكُمُ الْكِتَابَ مُفَصَّلًا وَالَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَظْمُونُ أَنَّهُ مُنَزَّلٌ مِّن رَّبِّكَ بِالْحَقِّ فَلَا تَكُونَنَّ مِنَ الْمُمْتَرِينَ ﴿١١٤﴾

(তুমি বলো) আমি কি আল্লাহ ছাড়া আর অন্য কাউকেও হাকিম মানবো অথচ তিনিই আমাদের প্রতি নাযিল করেছেন আল কিতাব (আল কোরআন) তফসিল সহকারে। আর ইতোপূর্বে আমরা যাদের কিতাব দিয়েছি

তারা ভালোভাবেই জানে এটি (কোরআন) নির্ঘাত তোমার প্রভুর পক্ষ থেকেই নাজিল হয়েছে। সুতরাং তুমি সন্দেহ পোষণকারীদের অন্তর্ভুক্ত হয়ো না। (সূরা আনআ'ম: আয়াত নং ১১৪)

আবু দাউদ ও তিরমিজী শরীফের হাদিস-

রাসূল (সা:) বলেছেন-

الدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ-

‘দু’য়া হচ্ছে ইবাদত’।

মুসলিম শরীফের হাদিস-

রাসূল (সা:) দোয়া করতেন -

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْهُدَى، وَالتَّقَى، وَالعِفَافَ، وَالعَنَى-

‘হে আল্লাহ! আমি তোমার কাছে চাচ্ছি হেদায়াত, তাকওয়া, সচ্চরিত্রতা এবং স্বয়ংসম্পূর্ণতা বা স্বনির্ভরতা’। আল্লাহ বিচারের দিন, আমাদের দুনিয়ার সমস্ত কাজের (ভালো ও মন্দ কাজের) ফয়সালা করে দেবেন। আল্লাহ ফয়সালায় যেন আমরা জাহান্নামের আগুন থেকে বাঁচতে পারি, সে জন্য আল্লাহর কাছে দুনিয়াতে ক্ষমা চাইতে হবে এবং খারাপ কাজ পরিহার করে চলতে হবে।

আল্লাহর কোন একটা গুণ সম্পর্কেও যেন আমরা কাউকে শরিক না করি। কারণ শরিক ‘সবচেয়ে বড় জুলুমের’ অপরাধ। আল্লাহ এই অপরাধ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহ।